



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

ভালো বিবেচনা করা

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

মানুষের ব্যাপারে ভালো চিন্তা করা উত্তম। মানুষের ব্যাপারে ভালো ভাবে বলা হয়েছে এবং খারাপ ভাবে মানা করা হয়েছে। আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেছেন আল্লাহকে আমাদের কিরকম বিবেচনা করতে হবে। “মৃত্যুর সময় সুচিন্তা কর। ভাবো যে আল্লাহ তোমার প্রতি দয়া দেখাবেন।”

আমাদের পবিত্র নাবী (সাঃ) একটি অতি সুন্দর কথা বলছেন। তিনি যা কিছু বলেন তার সবই এমনিতেও সুন্দর। এটি একটি উপদেশও বটে। তিনি আমাদের ইঙ্গিতে বলছেন যে তুমি যত পাপীই হও না কেন, আশা হারিও না। আল্লাহ সব কিছুই ক্ষমা করতে পারেন। “আনা ‘আলা হুসনু যান্নি ‘আবদি”, বলেন আল্লাহ (আযযা ওয়া জাল্লা)। “আমার বান্দা আমাকে যেরকম বিবেচনা করে আমি সেরকম এবং আমি আমার বান্দাকে লজ্জিত করি না।”

তাই সবসময় আনন্দিত হও এই ভেবে যে আল্লাহ তোমার উপর রাহমাত দেখাবেন। চল আমরা খুশী হই এই কারণে যে আল্লাহ (জাল্লা জালালুহু) আমাদের সাথে আছেন এবং স্বস্তিবোধ করি। অনেকে মুখ গোমড়া করে বসে থাকে। না, মুখ গোমড়া করার প্রয়োজন নেই। আল্লাহ আমাদের উনার নিজের জন্য বান্দা হিসেবে তৈরী করেছেন এবং আমাদের কবুল করেছেন। এটা ভেবেই আমাদের স্বস্তি পাওয়া উচিত এবং সুখী হওয়া উচিত। আনন্দিত হও এই ভেবে যে ঠিক যেমন আল্লাহ (জাঃজাঃ) দুনিয়াতে আমাদেরকে নিয়ামাত দান করেছেন ঠিক সেরকম আখিরাতেও তিনি আমাদের দান করবেন ইনশাআল্লাহ্।

অনেক লোক এসে জিজ্ঞেস করে, কান্না করে এবং বলে তাদের পাপগুলোর কি হবে। আসলে আমরা সবাই পাপী। আল্লাহ কি আমাদের গুনাহগুলোর দিকে তাকাবেন? যখন তুমি তাওবা করবে এবং আল্লাহকে ভালো বিবেচনা করবে, আল্লাহ সবকিছু ক্ষমা করবেন। ভয় পাওয়ার দরকার নেই। এটি একটি সুচিন্তা যেন আল্লাহ আমাদের সবাইকে ক্ষমা করে দেন উনার রাহমাতের মাধ্যমে এবং আমাদেরকে উনার জান্নাতে জায়গা দেন, ইনশাআল্লাহ্।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৭ ফেব্রুয়ারি ২০১৬/ ৮ জুমাদ আল-আউয়াল ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।